

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১

তারিখ : ২০ ডিসেম্বর ২০১১।
৬ পৌষ ১৪১৮।

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

Liquidity Profile সংক্রান্ত বিবরণী দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-৬, তারিখ- ২৬ জুলাই ২০১১ এবং সার্কুলার লেটার নং-১৬, তারিখ- ২৪ অক্টোবর ২০১১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, তারল্য বিবরণী দাখিলের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানসমূহকে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ-

১. তারল্য বিবরণীকে মূলতঃ দায় ও সম্পদের মেয়াদপূর্তির পার্থক্যের পর্যালোচনা (Aging Gap Analysis) বিবেচনায়, দায় ও সম্পদকে (যেমন, প্রভিশন) নেটিং না করা; তবে, বিবরণীতে অফ-ব্যালেন্স শীট এর দফা অন্তর্ভুক্তির ক্ষেত্রে সম্ভাব্য দায় ও সম্পদ যথাযথ মেয়াদ ঘরে (Time Bucket) রিপোর্ট করতে হবে।
২. তারল্য বিবরণীর প্রকৃত প্রবাহ কলামে (Actual Figure) দফাসমূহের প্রবাহ নেটিং না করে Outflows অংশে শুধুমাত্র বহিঃপ্রবাহ এবং Inflows অংশে শুধুমাত্র আন্তঃপ্রবাহ রিপোর্ট করা; এবং
৩. আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদন দাখিলে সাযুজ্য বজায় রাখার জন্য অত্র বিভাগ হতে Excel format সংগ্রহ করে তদানুযায়ী বিবরণী দাখিল করা।

উল্লিখিত সার্কুলার, সার্কুলার লেটার ও সম্পদ-দায় ব্যবস্থাপনার গাইডলাইন এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। উল্লেখ্য, নভেম্বর ২০১১ ত্রিভুজিক তারল্য প্রতিবেদন উল্লিখিত নির্দেশনার আলোকে ২৮ ডিসেম্বর ২০১১ তারিখের মধ্যে পুনরায় প্রেরণ করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাঃ/-

(মোঃ সোহরাওয়ার্দী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯১২০৩৬২